

দক্ষিণাঞ্চলে ৫ শতাধিক প্রাথমিক বিদ্যালয় ভবন জরাজীর্ণ

■ বাউফল সংবাদদাতা

পটুয়াখালীসহ দক্ষিণাঞ্চলের ৬ জেলায় ৫ শতাধিক প্রাথমিক বিদ্যালয় ভবন জরাজীর্ণ। ফলে এই সমস্ত বিদ্যালয়ে অধ্যয়নরত দের দক্ষাধিক শিশু মৃত্যু ঝুঁকি নিয়ে পেশাপড়া করছে। জেলাগুলো হচ্ছে: পটুয়াখালী, বরগুনা, ভোলা, বরিশাল, ঝালকাঠি ও শিরোহাটপুর। সংশ্লিষ্ট বিভাগ সূত্রে জানা যায়, পটুয়াখালী জেলায় ১০০১ বিদ্যালয়ের মধ্যে ১০২টি বিদ্যালয় জরাজীর্ণ, বরগুনায় ৭৭৮টির মধ্যে ৮৭টি, ভোলায় ১৭১৩টির মধ্যে ৯৩টি, বরিশালে ১৫০৫টির মধ্যে ১০৫টি, ঝালকাঠিতে ৫৪৯টির মধ্যে ৮৭টি এবং শিরোহাটপুরে ৯৪১টির মধ্যে ৯৩টি জরাজীর্ণ। এই সমস্ত ভবন ৭০ ও ৮০ দশকে নির্মিত হওয়ার পর অদ্যাবধি সংস্কার করা হয়নি কিংবা নতুন ভবন নির্মিত হয়নি। পুরাতন জরাজীর্ণ ভবনের কোনটির ছাদ ভেঙ্গে পড়ার মতো অবস্থা হয়ে ছাদ দিয়ে পানি পড়ে, আত্তর খসে পড়ে। আবার কোন কোন বিদ্যালয় সেমিপাকা হওয়ার মেয়াদ ঘেঁসে পড়ে বড় রকমের দুর্ঘটনার আশংকা রয়েছে। অত্যন্ত ঝুঁকির মধ্যে ক্লাস নিচ্ছেন শিক্ষকরা। আবার ক্লাস নেয়ার মতো অন্য কোন ঘর না থাকায় কোন কোন বিদ্যালয়ে খোলা আকাশের নিচেও ক্লাস নেয়া হয়। এ ব্যাপারে বরিশাল বিভাগের প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উপ-পরিচালক এম এম ফারুক ইত্তেফাককে বলেন, জরাজীর্ণ ভবনগুলোতে নতুন ভবন নির্মাণের জন্য শিক্ষা মন্ত্রণালয়ে তালিকা পাঠানো হয়েছে।